



তারিখ : ২০ মার্চ, ১৪২৮ বঙ্গাব্দ  
০৩ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ


নং-৩৪.০০.০০০০.০৬০.৮৫.০০১.২২-১০

### অনুদানের বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুবকল্যাণ তহবিল থেকে যুব সংগঠনকে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে চলতি ২০২১-২০২২ অর্থবছরের জন্য প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের নিমিত্ত নিম্নোক্ত নীতিমালা/শর্তাবলি অনুসারে অনলাইনের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

১. আবেদনকারী যুব সংগঠনসমূহকে আবশ্যিকভাবে (Mandatory) দেশের বিদ্যমান আইন অনুযায়ী রেজিস্ট্রেশন/ নিবন্ধনভুক্ত হতে হবে।
  ২. যুবকল্যাণ তহবিল হতে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তরের স্বীকৃতিপ্রাপ্ত/নিবন্ধিত সংগঠনকে অগ্রাধিকার দেয়া হবে।
  ৩. উপানুষ্ঠানিক শিক্ষা, খাদ্যবিদ্যা, ঋণ কার্যক্রম ইত্যাদি সম্পর্কিত কার্যক্রম/প্রকল্প অনুদান প্রদানের ক্ষেত্রে বিবেচনা করা হবে না।
  ৪. প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের জন্য সম্ভাব্য মোট ব্যয়ের কমপক্ষে শতকরা ১০ (দশ) ভাগ অর্থ সংগঠনের নিজস্ব তহবিল থেকে বহন করতে হবে।
  ৫. নির্বাচিত সংগঠনের প্রকল্পের গুণাগুণ (Merit) বিবেচনা করে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা পর্যন্ত প্রকল্প অনুদান প্রদান করা হবে।
  ৬. যুবনারী অথবা তৃতীয়লিঙ্গ অথবা প্রতিবন্ধী/বিশেষ চাহিদাসম্পন্নদের দ্বারা পরিচালিত সংগঠনকে অনুদান প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।
  ৭. আবেদনপত্রের নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণপূর্বক দাখিলকৃত তথ্যাদির সমর্থনে প্রমাণক আপলোড করতে হবে।
  ৮. গত অর্থবছরে (২০২০-২০২১) যেসব যুব সংগঠন অনুদান পেয়েছে তাদের আবেদন অযোগ্য হিসেবে বিবেচিত হবে।
  ৯. দুর্গম/পশ্চাৎপদ এবং দারিদ্র্য মানচিত্র (Poverty Map) অনুযায়ী দারিদ্র্যপীড়িত এলাকার আবেদনকারী যুব সংগঠনকে সকল শর্ত পূরণ সাপেক্ষে অনুদান প্রদানে অগ্রাধিকার দেয়া হবে।
  ১০. আবেদনকারী সংগঠন রাষ্ট্র বা সমাজ বিরোধী কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয় মর্মে যথাস্থানে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/থানা যুব উন্নয়ন কর্মকর্তার প্রত্যয়ন থাকতে হবে (বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তার হওয়ায় যুব সংগঠন কর্তৃক কোন সনদ সংগ্রহ করার প্রয়োজন নেই)।
  ১১. অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে- (ক) যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় সংগঠনের প্রশিক্ষণপ্রাপ্ত সদস্যদের বিবরণ (বয়স ১৮-৩৫ বছর), (খ) বাস্তবায়িত প্রকল্প/কর্মসূচির আওতায় আত্মকর্মসংস্থান (গ) দারিদ্র্য বিমোচনে সুযোগ সৃষ্টি (ঘ) উদ্যোক্তা তৈরি (ঙ) ইনোভেশন কার্যক্রম সম্পর্কিত চাহিত তথ্যাদি আপলোড করতে হবে।
  ১২. সংগঠনের অন্যান্য কার্যক্রম তথা (১) সামাজিক সচেতনতামূলক কার্যক্রম (যেমন- ইভটিজিং/বালাবিবাহ প্রতিরোধ, মশক নিধন, জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, যৌতুক বিরোধি কার্যক্রম, মাদক বিরোধী কার্যক্রম ইত্যাদি) (২) যুবদের মূল্যবোধ উৎকর্ষ সাধন কার্যক্রম (৩) স্বৈচ্ছাসেবী কার্যসম্পাদন বিষয়ক তথ্যাদি অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে উল্লেখ করতে হবে।
  ১৩. নীতিমালার শর্তাদি বহির্ভূত প্রকল্প অনুদানের যোগ্য হিসেবে বিবেচিত হবে না।
  ১৪. যুব সংগঠনসমূহকে অনুদান প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম ও সিদ্ধান্ত যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড/ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট ( www.moysports.gov.bd ) এর অভ্যন্তরীণ ই-সেবার আওতাভুক্ত যুবকল্যাণ তহবিল অনলাইন অনুদান লিংকে অথবা সরাসরি <http://103.48.18.205/Grants/> ব্রাউজ করে নির্ধারিত অনলাইন আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক তৎসঙ্গে ফিন্ডওয়ারি (অনুচ্ছেদভিত্তিক) প্রযোজ্য চাহিত তথ্যাদি PDF আকারে আপলোড (Upload) করে তা আগামী ১০ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ (২৫ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ) তারিখের মধ্যে অবশ্যই দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর অনলাইন আবেদন দাখিল কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

৩। উল্লেখ্য, অনলাইন আবেদন দাখিলের পদ্ধতিসমূহ অনুসরণ করার জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির নিম্নে দৃশ্যমান রাখা হয়েছে।

  
০৩/০২/২২  
মোঃ রবিউল ইসলাম  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ২২৩৩৫৮৮৭৮